# <u>সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প</u>

বাস্তবায়নকারী সংস্থা: প্রাণিসম্পদ অধিদপ্তর
উদ্যোগী মন্ত্রণালয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়নকাল: ০১/০৭/২০১৯ থেকে ৩০/০৬/২০২৩
প্রকল্পের প্রাক্কলিত ব্যয়: ৩৫২০৩.০০ লক্ষ টাকা

**উদ্দেশ্যঃ**

সমন্বিত পদ্ধতিতে প্রানিসম্পদ উৎপাদন ব্যবহারের মাধ্যমে সমতল অঞ্চলের অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, আমিষের চাহিদাপূরণ করে জীবন মান উন্নয়ন, প্রাণিসম্পদ উৎপাদনের প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর।

**প্রকল্পের ফলাফল ঃ**

- উন্নত ও টেকসই প্রযুক্তি সম্প্রসারনের লক্ষ্যে  প্রয়োজনীয় ইনপুট ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অনগ্রসর এই জাতিগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নতির মাধ্যমে দারিদ্র হ্রাস হবে।
- অর্থনৈতিকভাবে অনগ্রসর এই সম্প্রদায়ের পারিবারিক খাদ্য ও পুষ্টি নিরাপত্তার উন্নয়ন এবং মাথাপিছু প্রাণিজ আমিষ গ্রহণ উন্নীত হবে।
- নির্বাচিত সুফলভোগী হিসাবে নারীদের গুরুত্ব দেওয়ার ফলে নারীর আত্ম-কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র হ্রাসে সহায়ক ভূমিকা পালন করবে।

**প্রকল্পের আউটপুট ঃ**

- সমতল ভূমিতে বসবাসরত (পার্বত্য চট্রগ্রামের জেলাসমূহ ব্যতীত) ২৯টি জেলার ২১০টি উপজেলার নির্বাচিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি সুফলভোগীদের ৭টি প্যাকেজ ভিত্তিক খামার স্থাপনে (প্রাণি ক্রয় পূর্বক) সহায়তা প্রদান করা হবে।
- প্রাণি ক্রয়ের পাশাপশি নির্বাচিত সুফলভোগীরা প্রাণীর জন্য অস্থায়ী ঘর বানানো, প্রয়োজনীয় খাদ্যের জন্য (শুধুমাত্র আপদকালীন সময়ের জন্য ৩ মাস) খাদ্য সহয়তা পাবে। এছাড়াও সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে ১ বছরব্যাপী বিনামূল্যে চিকিৎসা ও ভ্যাক্সিনেশন সুবিধা প্রদান করা হবে।
- গৃহপালিত প্রাণি পালনের মাধ্যমে অনগ্রসর জাতিগোষ্ঠির আয়ের বিকল্প উৎস্য হিসেবে এবংনারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
- ১ দিন ব্যাপী ওর্য়াকশপের মাধ্যমে প্রকল্পধীন উপজেলা ও জেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে প্রকল্প সম্পর্কে ধারনা প্রদান করা হবে
- নির্বাচিত সুফলভোগীদের জন্য উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে।

- নির্বাচিত ফিল্ড ফ্যাসিলেটেটরদের গবাদিপশু ও হাঁস-মুরগীর রোগ-বালাই পরিচিতি, করনীয় এবং হাতে-কলমে ভ্যাক্সিন প্রদান বিষয়ক প্রশিক্ষণ দেয়া হবে।
- ফিল্ড ফ্যাসিলেটেটরদের কাজের সুবিধার্থে প্রতিজনকে প্রকল্প হতে ১টি করে বাই-সাইকেল প্রদান করা হবে।
- প্রকল্পধীন সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে ক্ষুদ্র খামারী/কৃষককে সমন্বিত পদ্ধতিতে প্রাণিসম্পদ উৎপাদন বিষয়ক প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হবে। একইভাবে সরকারি জমিতে প্রর্দশণী প-ট স্থাপন ও বাজার সৃষ্টির মাধ্যমে উন্নত জাতের ঘাস চাষ বিষয়ক হাতে-কলমে শিক্ষা প্রদান করা হবে।

**অঞ্চলঃ**

| ক্রমিক নং | এলাকা | জেলাসমূহ | জনগোষ্ঠী |
|---|---|---|---|
| ১ | উত্তর-পশ্চিমাঞ্চল | রাজশাহী, নওগাঁ, চাপাইনবাবগঞ্জ, নাটোর, সিরাজগঞ্জ, পাবনা, জয়পুরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, রংপুর,বগুড়া এবং গাইবান্ধা | সাওতাল, ওরাঁও, মুন্ডা, মাহাতো, পাহাড়িয়া, রাজবংশী, রাজোয়ার, কর্মকার এবং তেলী |
| ২ | উত্তর-পূর্বাঞ্চল | সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং মৌলভীবাজার | খাসি, পাত্র, মনিপুরী, গারো, ত্রিপুরা এবং চা নির্ভর জনগোষ্ঠী |
| ৩ | মধ্যাঞ্চল | গাজীপুর, টাঙ্গাইল, শেরপুর, জামালপুর, নেত্রকোণা এবং ময়মনসিংহ | গারো, হাজং, কোচ, বানাই, রাজবংশী, ঢালু, বর্মন এবং হোডি |
| ৪ | উপকূলীয় -দক্ষিণাঞ্চল | পটুয়াখালী, বরগুনা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খুলনা, সাতক্ষীরা | রাখাইন, ত্রিপুরা, মুন্ডা, বুনো এবং বগবানিয়া |

**সুফলভোগী নির্ধারনঃ**

উত্তর-পশ্চিমাঞ্চলের ৮১৭৫১টি) এবং অন্যান্য অঞ্চলের উত্তর-পূর্বাঞ্চল, মধ্যাঞ্চল এবং উপকূলীয় -দক্ষিণাঞ্চল ৫৬২২৫টি পরিবারকে প্রান্তিক ও দরিদ্র্য হিসাবে করে এ সংখ্যা নির্ধারন করা হয়েছে। সর্বমোট-১৩৭৯৩৬ টি পরিবার ।

**সুফলভোগী নির্বাচন ঃ**

প্রাথমিকভাবে প্রকল্পধীন এলাকায় বেঞ্চমার্ক সার্ভের (প্রশ্নপত্র জরিপ) মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের প্রত্যক্ষ তত্ত্বাবধনে এবং স্থানীয় প্রশাসনের সহযোগিতায় প্রকল্প এলাকায় সুফলভোগী নির্বাচন করবেন।

**প্যাকেজ বিতরন ঃ**

| ক্রমিক নং | প্যাকেজের নাম | সুফলভোগী পরিবারের সংখ্যা (টি) | অনুদানের ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উন্নত জাতের ক্রস ব্রিড গাভী @৫% সুফলভোগী | ৬৯১০ | প্রতিটি প্যাকেজে ১টি গরু (বকনা), অস্থায়ী বাসস্থান নির্মান** বাবদ সহায়তা এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | ** অস্থায়ী ঘর নির্মান বাবদ @ প্রতি প্যাকেজে গাভী/মহিষ এবং মোটাতাজাকরন গরুর জন্য ৭০০০/- (সাত হাজার টাকা), ছাগল/ভেড়া জন্য ৫০০০/- (পাঁচ হাজার টাকা) এবং হঁস/মুরগীর জন্য ৩০০০/- (তিন হাজার টাকা) গৃহ নির্মান উপকরন প্রদান করা হবে। ** প্যাকেজ ভিত্তিক ০১ দিনের |
| ২ | সোনালী/দেশী মুরগি@ ২৫% সুফলভোগী | ৩৪৫৭৮ | প্রতিটি প্যাকেজে ২০ টি মুরগি (পুলেট), অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং ৩ মাস ব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |
| ৩ | খাকী ক্যাম্বেল হাঁস@২৫% সুফলভোগী | ৩৪৫২৮ | প্রতিটি প্যাকেজে ২০ টি হাঁস (ডাকলিং), অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং ৩ মাস ব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |
| ৪ | ব্ল্যাক বেঙ্গাল ছাগল@১৫% সুফলভোগী | ২০২৪৬ | প্রতিটি প্যাকেজে ২ টি ছাগল , অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |
| ৫ | ভেড়া@২০@ সুফলভোগী | ২৬৩৩৯ | প্রতিটি প্যাকেজে ২ টি ভেড়া অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং ৩ মাস ব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | মহিষ@৫% সুফলভোগী | ৮৪৬০ | প্রতিটি প্যাকেজে ১টি মহিষ (প্রাপ্ত বয়স্ক-কমপক্ষে ১ বছর ৬ মাস), অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | প্রশিক্ষন, ০১ বছরের বিনামূল্যে ঔষধ ও টিকা ঘাস চাষ প-ট ও ঘাষের বাজার, উৎপাদিত পন্য বাজারজাতকরনের জন্য বাজার সৃষ্ঠি । ** খামার পরিচালনায় সহযোগীতার জন্য ফিল্ড ফ্যাসিলেটেটর নিয়োগ । |
| ৭ | হৃষ্টপুষ্ট করণ গরু @ ৫% সুফলভোগী | ৬৯১০ | প্রতিটি প্যাকেজে ১টি গরু (প্রাপ্ত বয়স্ক-কমপক্ষে ১ বছর ৬ মাস বয়সী ষাঁড়), অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |
| সর্বমোট | | ১৩৭৯৭৬টি | | |

**প্যাকেজ বিতরন ব্যবস্থা ঃ**

স্থানীয় উপজেলা প্রশাসনের সহায়তায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর নির্ধারিত কমিটির (নিম্নে বর্ণিত) মাধ্যমে প্রকল্প এলাকার সুফলভোগীদের মাঝে প্রকল্প দপ্তর হতে প্রদানকৃত বিভিন্ন প্যাকেজ বিতরণ, স্থানীয় পর্যায়ে টেন্ডারের মাধ্যমে সুফলভোগীদের জন্য অস্থায়ী ঘর নির্মানের উপকরণ সরবরাহ, ঘাসের প্রর্দশনী প্লট ও অস্থায়ী বাজার সৃষ্টির স্থান নির্ধারণ ও এতদসংক্রান্ড় প্রয়োজনীয় অনুদান প্রদানের ব্যবস্থা করবেন। কমিটির রুপরেখা নিম্নরুপ:

| | |
|---|---|
| উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান | উপদেষ্টা |
| উপজেলা নির্বাহী অফিসার | চেয়ারম্যান |
| উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| উপজেলা সমাজকল্যান অফিসার | সদস্য |
| সংশ্লিষ্টে ইউনিয়ান পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য সচিব |

**প্রশিক্ষন ঃ**

সুফলভোগীদের ০১ দিনের প্রশিক্ষন

ফিল্ড ফ্যাসিলেটেটরদের ০২ দিনের প্রশিক্ষন

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও ভেটেরিনারি সার্জনদের ০১ দিনের অবহিতকরন ওর্য়াকশপ।

**ঘাসের প্রদশনী প্লট স্থাপন ও ঘাসের বাজার সৃষ্টি ঃ**

নির্বাচিত ১৩৬টি উপজেলায় (সুফলভোগী পরিবারের সংখ্যার উপর) মোট ৩৪৭টি ঘাসের প্রদশনী প্লট স্থাপন এবং উপজেলা প্রতি ১টি করে মোট ১৩৬টি ঘাসের বাজার সৃষ্টি করা হবে।